**(গোপনীয়)**
**অতি জরুরি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং- ০৮.০১.০০০০.৫৩.০১.০০২.২০/১৬৮, তারিখঃ ১০ জুন, ২০২০ খ্রিঃ।

**বিষয়ঃ শিল্পের কাঁচামাল ও সমশর্তসম্বলিত অন্যান্য প্রজ্ঞাপনের শর্তাবলী পরিপালনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জুন ২০১৯ খ্রিঃ হতে নতুন মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ কার্যকর হওয়ার পর থেকে মূসক-৭ ফরম প্রদানের বিধান বিলুপ্ত হয়ে যায়। কিন্তু বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানের কাঁচামালের আমদানিতে রেয়াতি সুবিধা প্রদান সংক্রান্ত প্রজ্ঞাপন এস.আর.ও নং-১৪৮/২০১৮ এর শর্তে মূসক-৭ দাখিলের বাধ্যবাধকতা বহাল রয়েছে। এতে মাঠ পর্যায়ে শুল্কায়নের ক্ষেত্রে জটিলতার উদ্ভব হচ্ছে। ২০২০-২০২১ অর্থবছরের বাজেটে এ সংক্রান্ত জটিলতা নিরসনে উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

০২। অনলাইনভিত্তিক নতুন ভ্যাট আইন চালু হওয়ায় এবং একইভাবে আমদানি রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর (CCI&E) হতে অনলাইন ভিত্তিক আইআরসি ইস্যু সিস্টেম চালু হওয়ায় শিল্পভিত্তিক রেয়াতি সুবিধার যাতে অপব্যবহার না হয় তা প্রতিরোধের লক্ষ্যে রেয়াতি সুবিধা সম্বলিত এস.আর.ও ১২৮/২০১৭, ১৪৮/২০১৮ ও অন্যান্য প্রজ্ঞাপনের শর্তে VAT registered.... manufacturing industry এর পরিবর্তে প্রকৃত manufacturing প্রতিষ্ঠানকে সহজে চিহ্নিতকরণের লক্ষ্যে Industrial IRC holder VAT compliant ........ manufacturing industry সংযোজন করার এবং এস.আর.ও সমূহের প্রয়োজনীয় পরিমার্জন করে নতুন এস.আর.ও. নং ১২২-আইন/২০২০/৭৩/কাস্টমস, তারিখ: ০৩/০৬/২০২০ খ্রিঃ জারী করা হয়েছে। প্রজ্ঞাপনটির আওতায় পণ্য আমদানি ও খালাসের লক্ষ্যে নিম্নরূপ শর্ত আরোপ করা হয়েছে:

> "প্রতিষ্ঠানটির হালনাগাদ নবায়নকৃত শিল্প ভোক্তা আইআরসি রহিয়াছে এবং ১৩ ডিজিট সম্বলিত মূল্য সংযোজন কর (মূসক) নিবন্ধিত প্রতিষ্ঠানটি বিবেচ্য বিল অব এন্ট্রি দাখিলের অব্যবহিত পূর্ববর্তী ১২ (বার) মাসের অথবা প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় সংখ্যক মূসক দাখিলপত্র (রিটার্ন) দাখিল করিয়াছে মর্মে কাস্টমস কম্পিউটার সিস্টেমে ইলেকট্রনিক তথ্য প্রদর্শিত থাকিতে হইবে:
>
> তবে শর্ত থাকে যে, কোন যৌক্তিক কারণে ইলেকট্রনিক তথ্য পাওয়া সম্ভব না হয় তবে সেই ক্ষেত্রে শুল্কায়নকালে **পরিশিষ্ট** মোতাবেক মূসক বিভাগীয় কর্মকর্তা হইতে প্রদত্ত একটি প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে;"

০৩। এক্ষেত্রে, উক্ত প্রজ্ঞাপন ও একই শর্তসম্বলিত অন্যান্য প্রজ্ঞাপনের উদ্দেশ্য পূরণকল্পে কোন প্রতিষ্ঠান Industrial IRC Holder এবং VAT Compliant কিনা তা ASYCUDA World হতে নিশ্চিত হতে হবে। যদি কোন কারণে ASYCUDA World হতে নিশ্চিত হওয়া না যায় তবে অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে ৩০ জুন ২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত আবশ্যিকভাবে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) ASYCUDA World হতে স্বয়ংক্রিয়ভাবে Industrial IRC Holder এর বিষয়টি নিশ্চিত হওয়া না গেলে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরের ওয়েবসাইট

(https://olm.ccie.gov.bd/search/certificate) হতে নিশ্চিত হতে হবে। যদি কোন কারণে উক্ত ওয়েবসাইট হতে নিশ্চিত হতে সমস্যা হয় তবে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইট (http://customs.gov.bd/content.jsf?c=documents, www.nbr.gov.bd এবং www.bangladeshcustoms.gov.bd) হতে নিশ্চিত হতে হবে (ইতোমধ্যে প্রয়োজনীয় তথ্য আপলোড করা হয়েছে)। এছাড়া, হালনাগাদ Industrial IRC Holder প্রতিষ্ঠানের তালিকার সফটকপি সকল কাস্টম হাউস/স্টেশনে ১১ জুন ২০২০ খ্রিঃ তারিখের পূর্বে ইমেইলে প্রেরণ করা হবে। প্রয়োজনে সফটকপিতে প্রদত্ত তথ্য হতে যাচাই এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(খ) ASYCUDA World হতে VAT Compliant এর তথ্য নিশ্চিত হওয়া না গেলে প্রজ্ঞাপনের শর্তাংশের proviso অনুযায়ী মূসক বিভাগীয় কর্মকর্তা হতে প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করতে হবে। যে সকল প্রতিষ্ঠান জুন/২০১৯ বা তৎপূর্বকাল হতে উৎপাদনকারী শিল্প ভোক্তা হিসেবে নিবন্ধিত তাদের ক্ষেত্রে ১২ (বার) মাসের ভ্যাট রিটার্ন প্রদর্শন/উপস্থাপন বাধ্যতামূলক। জুন/২০১৯ এর পরবর্তীকালে যে সকল প্রতিষ্ঠান উৎপাদনকারী শিল্প ভোক্তা হিসেবে নিবন্ধিত হয়েছে কিংবা অনলাইনে ভ্যাট রিটার্ন দাখিল করেছে তাদের ক্ষেত্রে যে ক'টি রিটার্ন দাখিলের বাধ্যবাধকতা রয়েছে, 'প্রয়োজনীয় সংখ্যক' বলতে সেই সংখ্যক রিটার্নকে বুঝানো হয়েছে।

(গ) শিল্পের কাঁচামাল সংশ্লিষ্ট এস.আর.ও এর আওতায় পণ্যচালান শুল্কায়নকালে Customs Procedural Code (CPC) ব্যবহারের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। ভুল CPC ব্যবহারের ফলে যাতে সরকারের রাজস্ব হানি না হয় সে বিষয়টি নিশ্চিতকরনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম করন করতে হবে। উক্ত এস.আর.ও নং ১২২/২০২০ এর জন্য প্রযোজ্য CPC এর তালিকা নিম্নরূপ:

| সিপিসি | এস.আর.ও. ১২২/২০২০ অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর হার | রেয়াতি সুবিধা নির্ধারনের জন্য প্রযোজ্য টেবিল |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৩০১ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-১৫%<br>AT- প্রযোজ্য হারে<br>AIT-প্রযোজ্য হারে | টেবিল ১ হতে ৫ |
| ৩০২ | CD- ২৫%<br>SD-১০%, ২০% ও ৬০% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>VAT-১৫%<br>AT- প্রযোজ্য হারে<br>AIT-প্রযোজ্য হারে | টেবিল ৬ |
| ৪০১ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-১৫%<br>AT-০%<br>AIT-প্রযোজ্য হারে | টেবিল ১ হতে ৫ |
| ৪০২ | CD- ২৫%<br>SD-১০%, ২০% ও ৬০% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>VAT-১৫%<br>AT-০%<br>AIT-প্রযোজ্য হারে | টেবিল ৬ |
| ৪০৮ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং এসআরও ১২৬/২০২০ এর টেবিল |

| সিপিসি | এস.আর.ও. ১২২/২০২০ অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর হার | রেয়াতি সুবিধা নির্ধারনের জন্য প্রযোজ্য টেবিল |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| | AT- প্রযোজ্য হারে<br>AIT-প্রযোজ্য হারে | |
| ৪০৯ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-০%<br>AT- ০%<br>AIT-প্রযোজ্য হারে | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং মূসক অনুবিভাগ হতে জারিকৃত এসি, ফ্রিজ উৎপাদনকারী সংশ্লিষ্ট এসআরও |
| ৪১০ | CD- ২৫%<br>SD-১০%, ২০% ও ৬০% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>VAT-০%<br>AT-০%<br>AIT-প্রযোজ্য হারে | এসআরও ১২২/২০২০ এর টেবিল ৬ এবং মূসক অনুবিভাগ হতে জারিকৃত ফ্রিজ উৎপাদনকারী সংশ্লিষ্ট এসআরও |
| ৫০১ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-১৫%<br>AT- প্রযোজ্য হারে<br>AIT-০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫০৬ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-১৫%<br>AT- প্রযোজ্য হারে<br>AIT- প্রযোজ্য হারের ৫০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫০৭ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-১৫%<br>AT- প্রযোজ্য হারে<br>AIT- প্রযোজ্য হারের ২৫% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫০৮ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-১৫%<br>AT- প্রযোজ্য হারে<br>AIT- প্রযোজ্য হারের ৪০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫০৯ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-০%<br>AT-০%<br>AIT-০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং মূসক অনুবিভাগ কর্তৃক জারিকৃত ফ্রিজ উৎপাদনকারী সংশ্লিষ্ট এসআরও এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫১০ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-০%<br>AT-০%<br>AIT-১% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫১২ | CD- ২৫%<br>SD-১০%, ২০% ও ৬০% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>VAT-০%<br>AT-০%<br>AIT-০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ৬ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |

| সিপিসি | এস.আর.ও. ১২২/২০২০ অনুযায়ী প্রযোজ্য শুল্ক-কর হার | রেয়াতি সুবিধা নির্ধারনের জন্য প্রযোজ্য টেবিল |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ৫১৪ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-১৫%<br>AT- প্রযোজ্য হারে<br>AIT- প্রযোজ্য হারের ৬০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫১৫ | CD- ২৫%<br>SD- ১০%, ২০% ও ৬০% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>VAT-০%<br>AT-০%<br>AIT- ০.৭২% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ৬ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫১৬ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%,<br>VAT-০%<br>AT-০%<br>AIT- ০.৭২% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫১৭ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-১৫%<br>AT-প্রযোজ্য হারে<br>AIT- প্রযোজ্য হারের ৮০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫১৮ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-০%<br>AT-০%<br>AIT- ০.৭২% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং মূসক অনুবিভাগ কর্তৃক জারিকৃত ফ্রিজ উৎপাদনকারী সংশ্লিষ্ট এসআরও এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৫১৯ | CD- ২৫%<br>SD-১০%, ২০% ও ৬০% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>VAT-০%<br>AT-০%<br>AIT-০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ৬ এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |
| ৬৭৩ | CD- ০%, ৫%, ১০%, ১৫% ও ২৫% (প্রযোজ্য ক্ষেত্রে)<br>SD-০%<br>VAT-০%<br>AT-০%<br>AIT-০% | এসআরও ১২২/২০২০ এর টেবিল ১ হতে ৫ এবং মূসক অনুবিভাগ কর্তৃক জারিকৃত ফ্রিজ উৎপাদনকারী সংশ্লিষ্ট এসআরও এবং AIT সংশ্লিষ্ট সনদপত্র |

০৪। প্রজ্ঞাপনে বর্ণিত শর্ত প্রতিপালনের কারণে পণ্য খালাসে কোন ধরণের সমস্যা সৃষ্টি হলে সংশ্লিষ্ট কমিশনার স্বীয় ক্ষমতাবলে তা নিরসন করবেন। কোন অবস্থাতেই trade facilitation এর অন্তরায় সৃষ্টি করা যাবে না। বিশেষ কোন পর্যবেক্ষণ থাকলে তা জাতীয় রাজস্ব বোর্ড এর নজরে আনার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২০/০৬/২০২০

সংযুক্তি: বর্ণনামতে ০১(এক) পাতা

মোহাম্মদ মেহরাজ-উল-আলম সম্রাট
দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি)
ই-মেইল: sscuspolicy@gmail.com

**বিতরণঃ**

১-৬। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/মোংলা/বেনাপোল/আইসিডি, কমলাপুর/পানগাঁও।

৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম)/ ঢাকা (উত্তর)/ চট্টগ্রাম/ যশোর/ খুলনা/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ রংপুর।

১৬। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

১৭। প্রকল্প পরিচালক, ভ্যাট অনলাইন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৮। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতির জন্যঃ**

১-৩। প্রথম সচিব (কাস্টমস: নীতি ও বাজেট/মূসক নীতি/মূসক বাস্তবায়ন/আয়কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

৪-৫। জনাব একেএম জাহিদ হোসেন, সিনিয়র সিস্টেম এনালিস্ট/জনাব মোঃ ফজলুর রহমান, সিনিয়র সিস্টেম এনালিস্ট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৬-৯। দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি/মূসক নীতি/আয়কর নীতি/অ্যাসাইকুডা ওয়ার্ল্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১০। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য) ।

১১-১৩। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি/মূসক নীতি/ মূসক বাস্তবায়ন ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য) ।